

## আগস্ট / ২০১৮ মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতিঃ ডাঃ মোঃ ইমরান হোসেন খান, রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল।  
সভার তারিখঃ ২৬/০৮/২০১৮ইং  
সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা  
স্থানঃ বাঃ ভেঃ কাঃ অধিবেশন কক্ষ  
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রণীত ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ সম্বন্ধিত কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন এবং তিনি জানান যে, ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুসারে আমাদের সকল কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে অন্যথায় ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুসারে কম নম্বর পাওয়া যাবে। সভাপতি অত্র দপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব ডাঃ গোপাল চন্দ্র বিশ্বাসকে এ বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য নির্দেশ দেন। তিনি বলেন, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৮-২০১৯ অনুযায়ী অত্র দপ্তরের মোট ১৬ টি শিরোনামে ৩৫ টি কার্যক্রম পরিচালনা করতে হবে এবং প্রতিটি কার্যক্রমের অনুকূলে কর্মসম্পাদন সূচকের মান বরাদ্দ আছে। কিছু কিছু কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে নির্ধারিত তারিখ উল্লেখ আছে। অর্থাৎ নির্ধারিত তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে না। কাজেই সার্বিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য টিমের সদস্যদের পাশাপাশি সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করার জন্য অনুরোধ জানান।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে বার্ষিক কর্মপরিকল্পনা যথাযথভাবে সম্পাদন করার বিষয় উল্লেখ করেন। তিনি জানান যে, ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণীসহ সকল প্রতিবেদন অত্র দপ্তরের ওয়েব সাইটে “ইনোভেশন” শিরোনামে রাখতে হবে। কাউন্সিলের উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখিত “বিডি ভেট হেলপ লাইন” নামে একটি মোবাইল অ্যাপ তৈরির বিষয়ে অত্র দপ্তরের সিস্টেম এনালিস্টকে নির্দেশ দেন।

আলোচনান্তে সিদ্ধান্ত নেয়া হয় যে -

- ১। ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণীসহ সকল প্রতিবেদন অত্র দপ্তরের ওয়েব সাইটে “ইনোভেশন” শিরোনামে রাখা।
- ২। “বিডি ভেট হেলপ লাইন” নামে একটি মোবাইল অ্যাপ তৈরির বিষয়ে উদ্যোগ গ্রহণ করা।
- ৩। ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ অনুসারে সকল কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা।
- ৪। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ইনোভেশন কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(ডাঃ মোঃ ইমরান হোসেন খান)

রেজিস্ট্রার।

২৬/০৮/২০১৮  
২৬.০৮.১৮